মেহেরপুরে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস পালিত

‘দুর্নীতির বিরুদ্ধে তারুণ্যের একতা: গড়বে আগামীর শুদ্ধতা’ এ প্রতিপাদ্যে মেহেরপুরে পালিত হয়েছে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস।

মেহেরপুর জেলা প্রশাসন ও মেহেরপুর জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির উদ্যোগে আজ (৯ ডিসেম্বর) সোমবার সকাল দশটার সময় জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সাধারণ সম্পাদক মোঃ মোশারফ হোসেন সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।



বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ডাঃ মহী উদ্দিন আহমেদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আব্দুল করিম, দুর্নীতি দমন কমিশনের সহকারি পরিচালক বুলবুল আহমেদ।

এর আগে আন্তর্জাতিক দুর্নীতি প্রতিরোধ দিবস উপলক্ষে জাতীয় পতাকা ও দুর্নীতি দমন পতাকা উত্তোলন করা হয়। জেলা প্রশাসক সিফাত মেহেনাজ জাতীয় সঙ্গীতের সুরে শিল্পকলা একাডেমীর সামনে জাতীয় পতাকা উত্তোলন করেন এবং শিল্পকলা একাডেমীর সামনে মানববন্ধন অনুষ্ঠিত হয়।

এ সময় বক্তব্য রাখেন সিনিয়র সহকারী কমিশনার নাদির হোসেন শামীম,

সদর উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) গাজী মুয়ীদুর রহমান, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের পক্ষে বক্তব্য রাখেন আশিক রাব্বি।

মুজিবনগরে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস পালিত

রুখবো দুর্নীতি গড়বো দেশ হবে সোনার বাংলাদেশ”উন্নয়ন, শান্তি ও নিরাপত্তার লক্ষ্যে দুর্নীতির বিরুদ্ধে আমরা ঐক্যবদ্ধ” এই প্রতিপাদ্য মুজিবনগরে পতাকা উত্তলোন, মানববন্ধন,আলোচনা সভার মধ্যদিয়ে পালিত হয়েছে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস।

মুজিবনগর উপজেলা প্রশাসন, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, কুষ্টিয়া এবং উপজেলা দুর্নীতি প্রতিেরোধ কমিটি, মুজিবনগর এর আয়োজনে,দিবসটি উপলক্ষে শনিবার সকালে উপজেলা পরিষদ চত্বরে জাতীয় পতাকা ও দুর্নীতি দমন কমিশনের পতাকা উত্তোলন করা হয় জাতীয় পতাকা উত্তোলন করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস ও দুর্নীতি দমন কমিশনের পতাকা উত্তোলন করেন মুজিবনগর উপজেলা দুর্নীতি দমন কমিশনের সভাপতি বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খান।

পরে উপজেলা পরিষদ চত্বরে একটি মানববন্ধন অনুষ্ঠিত হয় মানববন্ধন শেষে উপজেলা পরিষদ অডিটরিয়ামে একটা আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খানের সভাপতিত্বে এবং উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সাধারণ সম্পাদক সাবেক প্রভাষক বাকের আলির সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা প্রকৌশলী খালিদ হাসান, মুজিবনগর থানার এস আই হেকমত আলী, মুজিবনগর মাধ্যমিক বিদ্যালয়ের

সাবেক সহকারী প্রধান শিক্ষক আব্দুল হাই সহ উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্যবৃন্দ এবং বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষক সহ উপজেলার পরিষদে কর্মকর্তা কর্মচারীবৃন্দ।